দৈনিক

09 JUN 2008

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির দাবী

# শিক্ষক-কর্মচারীদের ২৫ ভাগ মহার্ঘ্য ভাতাসহ রেশনিং চালু করতে হবে

স্টাফ রিপোর্টার

মুদ্রাস্ফীতি ও নিত্যব্যবহার্য দ্রব্যাদির অনিয়ন্ত্রিত মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে বেসরকারী শিক্ষক-কর্মচারীসহ সীমিত আয়ের জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ায় জাতীয় বাজেটে দুঃখ-দুর্ভোগ লাঘবের লক্ষ্যে তাদের জন্য অন্তত ২৫ ভাগ মহার্ঘ্য ভাতা মঞ্জুরসহ ওএমএস এবং রেশনিং ব্যবস্থা চালুর দাবী জানিয়েছে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি এবং বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ। গত শনিবার তেজগাঁও কলেজের অধ্যক্ষ ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের সাধারণ সম্পাদক মোঃ হারুনুর রশীদ পাঠানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক যৌথ সভায় এ দাবী জানানো হয়েছে। সভায় বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ন্যায়সঙ্গত সমস্যা সমাধানে শিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অধিদপ্তর ও পরিদপ্তরের বৈমাত্রীয় ও

পৃঃ ১৮ঃ কঃ ৪

## শিক্ষক-কর্মচারীদের ২৫ ভাগ

১২-এর পৃষ্ঠার পর

হয়রানিমূলক আচরণে অসন্তোষ প্রকাশ করে অবিলম্বে আলোচনা-সংলাপের মাধ্যমে তা সমাধানের আহ্বান জানানো হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয় প্রণীত নীতিমালা-রেগুলেশন এবং শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত প্রজ্ঞাপন-নির্দেশাবলীর মধ্যে সমন্বয়হীনতার কারণে যে মানসিক নির্যাতন ও ভোগান্তি শিক্ষকদের দীর্ঘদিন যাবৎ সহ্য করতে হচ্ছে এর দ্রুত পরিসমাপ্তির দাবী জানানো হয়। ১/১১-এর পটপরিবর্তনের পর বিভিন্ন ক্ষেত্রে প্রশংসনীয় উন্নতি পরিলক্ষিত হলেও বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ভাগ্যোন্নয়নের কোনো উন্নতি হয়নি বলে সভায় উষ্মা প্রকাশ করা হয়। ৯৫ ভাগ শিক্ষার দায়িত্বে নিয়োজিত শহর-গ্রামাঞ্চলের শিক্ষা প্রতিষ্ঠানের ভাগ্যোন্নয়নে সংশ্লিষ্ট ব্যক্তিদের এ ধরনের অনীহা আচরণের দ্রুত সমাপ্তির ব্যবস্থা না হলে শিগগিরই বেসরকারী শিক্ষা মন্ত্রণালয় স্থাপনের যৌক্তিক দাবী আন্দোলন সূচিত হবে বলে বক্তারা উল্লেখ করেন। তারা বলেন, কর্তৃপক্ষের দূরদর্শিতার অভাবে বিশেষ করে কলেজ পর্যায়ে শিক্ষার মানের দ্রুত অবনতি ঘটছে। অধিকাংশ শিক্ষক নিয়মিত বেতন-ভাতাদি না পেয়ে বেঁচে থাকার তাগিদে প্রাইভেট টিউশনি, কোচিংসহ অন্যান্য লাভজনক ব্যবসার দিকে ঝুঁকে পড়ে শিক্ষাকে আজ বাণিজ্যিকীকরণের দিকে ঠেলে দিচ্ছে। উপযুক্ত বিষয়াদিসহ শিক্ষা বৈষম্য দূরীকরণ, শিক্ষা বাণিজ্যকরণ ও রাজনীতিকরণ বন্ধ, আসন্ন বাজেটে অর্থ ও জাতীয় স্বার্থের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষাকর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন, সুষ্ঠু ও সুন্দর নির্বাচন অনুষ্ঠানে শিক্ষকদের ভূমিকা নির্ধারণ, অত্যাধুনিক তথ্য-প্রযুক্তি বিষয় আলোচনাক্রমে একটি জাতীয় শিক্ষা এজেন্ডা তৈরীর জন্য আগামী ২২ জুন বিকেল সাড়ে ৩টায় জাতীয় প্রেসক্লাব অডিটরিয়ামে মানসম্মত শিক্ষার জন্য মেধাবী শিক্ষক শীর্ষক জাতীয় বিশ্ববিদ্যালয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. সৈয়দ রাশেদুল হাসান উপস্থাপিত মূল বক্তব্যের ওপর সঞ্চালকের দায়িত্ব পালন করবেন প্রবীণ শিক্ষক নেতা প্রফেসর এম শরীফুল ইসলাম। বিভিন্ন পেশাজীবী এবং শিক্ষক সংগঠনের কর্মকর্তা, সরকারী কর্মকর্তা, সামরিক ও বেসামরিক ব্যক্তিত্ব, ভাইস চ্যান্সেলর, ব্যবসায়ী, সাংবাদিক, কর্মকর্তাসহ বাকশিস এবং বিপিসি'র নির্ধারিত প্রতিনিধিবৃন্দকে সংলাপে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হবে। বাকশিস-বিপিসি'র যৌথ সভায় প্রফেসর এম শরীফুল ইসলাম, প্রিন্সিপাল রহিমা খন্দকার, প্রিন্সিপাল মোঃ ইলিয়াস খান, প্রিন্সিপাল মুজিবর রহমান হাওলাদার, প্রফেসর গোলাম রসুল সানি, প্রিন্সিপাল শাহ আলম, প্রিন্সিপাল আব্দুল মজিদ বিশ্বাস, প্রিন্সিপাল কনিজ মাহমুদ, ড. এ টি এম আব্দুল্লাহ, ড. শফিকুল ইসলাম, প্রিন্সিপাল এম এন এ মোনায়েম প্রমুখ।

### শিক্ষাপ্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন

বাংলাদেশ শিক্ষাপ্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন কেন্দ্রীয় কমিটি কর্তৃক আয়োজিত রাজধানীর সায়েদাবাদ আর কে চৌধুরী ডিগ্রী কলেজে গতকাল (রোববার) ফেডারেশনের সভাপতি মোঃ কামরুজ্জামান মিজানের সভাপতিত্বে এক জরুরী সভা হয়। সভায় বক্তব্য রাখেন ফেডারেশনের মহাসচিব মোঃ আজিজুল হক রাজা, নির্বাহী সভাপতি মোঃ সিরাজুল আলম, নির্বাহী মহাসচিব মোঃ নুরুল আমিন, সাংগঠনিক সচিব মোঃ তোহিদুল ইসলাম, অর্থ সচিব মোঃ লুৎফর রহমানসহ ফেডারেশনের অন্য নেতৃবৃন্দ। সভায় ফেডারেশনের সভাপতি বলেন, অতীতের সরকারগুলোর সময়ও অনেক লেখালেখি করা হয়েছে, স্মারকলিপি প্রদান করা হয়েছে। বর্তমান দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতিতে কর্মচারীদের দেয়ালে যেন পিঠ ঠেকে গেছে। কর্মচারীদের বেতন স্কেল বিবেচনা করে আগামী বাজেটে ৫০ ভাগ মহার্ঘ্য ভাতা প্রদানের দাবী জানানো হয়।

### ভোকেশনাল শিক্ষক সমিতি

প্রেস বিজ্ঞপ্তি : বাংলাদেশ ভোকেশনাল শিক্ষক সমিতি (বাভোশিস) কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি ঢাকায় সংগঠনের যুগ্ম আহ্বায়ক মোঃ রফিকুল ইসলামের সভাপতিত্বে গতকাল জরুরী সভা আইডিইবি ভবনে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ সরকারের আসন্ন ২০০৮-০৯ সালের জাতীয় বাজেটে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের ন্যায় বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদেরও ২০ ভাগ মহার্ঘ্য ভাতা প্রদানের জোর দাবী জানানো হয়। সভায় বর্তমান সরকারের আবির্ভাবের কারণে দেশের জনগণের জানমালের নিরাপত্তা, সাধারণ ও নিম্নমানের মানুষের সার্বিক সাহায্য প্রদান, আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন ইত্যাদি মৌলিক পদক্ষেপ গ্রহণের প্রশংসা করা হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সদস্য সচিব মোঃ আলমগীর হোসেন, যুগ্ম আহ্বায়ক মোঃ আবুল হাশিম, সদস্য অর্থ মোঃ শফিকুল ইসলাম, সদস্য মোঃ মতিউর রহমান প্রমুখ।